

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা

...

সভাপতি মোঃ মুনজুরুল আলম  
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)  
সভার তারিখ ১১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ  
সভার সময় বেলা ০৩.০০ টা  
স্থান সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।  
উপস্থিতি উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট “ক”-তে দেওয়া হল।  
**“সভার অলোচ্য বিষয়সমূহ”**

- ০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;
- ০২। সক্ষমতা বৃদ্ধি;
- ০৩। পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার;
- ০৪। মাসিক সভার তারিখ নির্ধারণ; এবং
- ০৫। বিবিধ।

ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।  
উপস্থিত সকলের অংশগ্রহণে গুণানুপুঞ্জ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	অক্টোবর’১৯ মাসের সভার কার্যবিবরণী প্রোগ্রামার সভায় উপস্থাপন করেন এবং বিষয়গুলো আলোচনা ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী পাঠান্তে তা অনুমোদন করা হয় এবং সে অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।	ইনোভেশন টিম
২.	নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীর নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো নিয়েও আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারীর নিকট থেকে উদ্ভাবনী ও সেবা সহজীকরণের বিষয়ে প্রাপ্ত আইডিয়াগুলো যাচাই-বাছাই এর জন্য একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। বাছায়কৃত আইডিয়াগুলো সময়মত বাস্তবায়ন করতে হবে।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
৩.	সক্ষমতা বৃদ্ধি	এক দিনের ওরিয়েন্টেশন/ কর্মশালা/ সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাই এর জন্য কর্মশালা রয়েছে। আগামীতে দুই দিনের একটি কর্মশালা আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
৪.	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি ইনোভেশন বক্স স্থাপন এবং অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য একটি অনলাইন প্ল্যাটফর্ম স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের প্রবেশ পথের ডানদিকে একটি আইডিয়া বক্স এবং অনলাইনে আইডিয়া প্রেরণের জন্য ইনস্টিটিউটের ওয়েবসাইটে একটি আইডিয়া বক্স (লিংক <a href="http://nimc.gov.bd/site/page/46a225bf-1b44-4eea-94d4-d9611f3b3ab2/Idea-Box">http://nimc.gov.bd/site/page/46a225bf-1b44-4eea-94d4-d9611f3b3ab2/Idea-Box</a> /উদ্ভাবনী-ধারণা) স্থাপন করা হয়েছে। আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স এবং অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করে বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণসহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম


আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মুনজুরুল আলম  
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (চলতি দায়িত্ব), টিভি অনুষ্ঠান প্রশিক্ষণ শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
- ২) সহকারী প্রোগ্রামার, আই সি টি শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
- ৩) সহকারী পরিচালক (টিভি প্রকৌশল প্রশিক্ষণ), টিভি প্রকৌশল প্রশিক্ষণ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
- ৪) সহকারী পরিচালক, দৃশ্যসজ্জা ও রেখায়ন শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট



মোহা: আব্দুস সালাম

প্রোগ্রামার